দৈনিক বাংলা

110

তারিখ 19/11/80
পৃষ্ঠা ... কলাম ...

# আদম শুমারির প্রস্তুতি

(স্টাফ রিপোর্টার)

আগামী বছরের মার্চ মাসে সারা দেশে পূর্ণাঙ্গ আদমশুমারি অনুষ্ঠানের ব্যাপক প্রস্তুতি নেয়া হয়েছে। ইতিমধ্যে সারা দেশে ২১ লাখ ১ হাজার ৯শ গণনাকারী এবং ৪৬ হাজার ৬শ ৬১ জন সুপারভাইজার নিয়োগের ব্যবস্থা করা হয়েছে।

এছাড়া গণনার সুবিধার জন্যে দেশের প্রত্যেকটি গ্রামের এলাকা চিহ্নিত করে আলাদা মানচিত্র তৈরী করা হয়েছে। মানচিত্রে গ্রামের খানা-সমূহের অবস্থান এবং রাস্তাও দেখানো হয়েছে।

'৮১ সালের ৬, ৭ ও ৮ই মার্চ এই তিনদিন আদমশুমারির গ্রহণ করা হবে। ৫ই মার্চ মধ্যরাত থেকে সমস্ত ভাসমান লোক গণনা শুরু করে রাতের মধ্যেই তা শেষ করা হবে। এই রাতকে 'শুমারী রাত' হিসেবে গণ্য করা হবে। ৬ই মার্চ সকাল থেকে খানার লোক গণনা শুরু হবে।

পূর্ণাঙ্গ শুমারিতে খানা ও জনগণের বৈশিষ্ট্যসমূহের উপর এক বিলিয়নেরও অধিক তথ্য সংগ্রহ করা হবে। শুমারির এক মাসের মধ্যে মোট জনসংখ্যা এবং পুরুষ ও মহিলার সংখ্যার হিসাব প্রকাশ করা হবে। বিস্তারিত তথ্য প্রকাশিত হবে শুমারির ৯ মাসের মধ্যে।